Sanatan Dharma

---

**কাকে বলে ?**

1. সদ্গুরু কাকে বলে ?
- যিনি আত্মজ্ঞান, পরমাত্মজ্ঞান এবং ব্রহ্মজ্ঞান লাভ করিয়া বেদের জ্ঞান কান্ড অনুসারে 'ব্রহ্মজানাতি ব্রাহ্মণ' অবস্থায় ব্রাহ্মণত্ব লাভ করেছেন এবং শাস্ত্রসম্মত 24 থেকে 32 লক্ষণযুক্ত- তিনি সদ্গুরু ।

2. সৎ শিষ্য কাকে বলে ?
- যার জীবনের লক্ষ্য ব্রহ্মজ্ঞান লাভ, যিনি লোক কল্যাণকর কর্ম ও চিন্তায় যুক্ত থাকেন, যিনি নিত্য - অনিত্য বিচারের দ্বারা যম নিয়ম রূপ ধর্মে প্রতিষ্ঠিত এবং যিনি গুরু ভক্ত, গুরু সেবা পরায়ন এবং গুরুর ওপর নির্ভরশীল এবং গুরুর আদেশ মান্যকারী শিষ্য কে সৎ শিষ্য বলে।

3. ব্রহ্মবিদ্যা কি ?
- যে বিদ্যার সাধনায় আত্মজ্ঞান, পরমাত্মজ্ঞান এবং পূর্ণ ব্রহ্মজ্ঞান লাভ হয় সেই বিদ্যা কে ব্রহ্ম বিদ্যা বলে হয়।ব্রহ্ম বিদ্যা অতীব গুহ্য এবং গুরু মুখী বিদ্যা। ইহা বেদ, বেদাঙ্গ, বেদান্ত, গীতা, পুরান কোনো শাস্ত্র অধ্যয়নের দ্বারা লাভ হয় না। ইহা একমাত্রই সৎ শিষ্য যোগ্যতা অর্জনের দ্বারা ভগবানের আদেশে গুরু পরম্পরার মাধ্যমে প্রাপ্ত হওয়া যায়। অন্য কোনো উপায়ে ইহা লাভ করা যায় না।

4. গুরুদেবকে ভগবানের মত পূজা করা হয় কেন? গুরুদেব কি ভগবান?
উত্তরঃ গুরুদেব হচ্ছেন ভগবানের প্রতিনিধি এবং ভগবানের প্রিয়জন,তাই ভগবানের মতো পূজা করা হয়।

5. ভগবানের সঙ্গে এবং শিষ্যদের সম্পর্ক হিসাবে গুরুদেব নিজেকে কিভাবে দেখেন?
উত্তরঃ ভগবানের সঙ্গে শিষ্যের সম্পর্ক হিসাবে গুরুদেব নিজেকে নিত্য সংযোজনকারী হিসাবে দেখেন।

6. গুরুদেবকে ভগবানের মত পূজা করা হয় কেন? গুরুদেব কি ভগবান?
উত্তরঃ গুরুদেব হচ্ছেন ভগবানের প্রতিনিধি এবং ভগবানের প্রিয়জন,তাই ভগবানের মতো পূজা করা হয়।

7. গুরু পরম্পরায় সদ্গুরুরা নিজের মন মতন উপদেশ দেন না কিভাবে উপদেশ দেন? শাস্ত্রে স্বয়ং ঈশ্বর যা বলছেন, আজকের গুরু পরম্পরায় সদ্গুরুরা সেই একই কথা উপদেশ দেন?
উত্তরঃ হ্যাঁ। গুরু পরম্পরায় সদ্গুরুরা শাস্ত্রে (বেদো-বেদাঙ্গ-বেদান্ত-গীতা ও

ভাগবত সিদ্ধান্ত) স্বয়ং ঈশ্বর যা বলেছেন তা আজকের গুরু পরম্পরায় সদ্গুরুরা নিজের মন মতন উপদেশ না দিয়ে সেই একই শাস্ত্র কথা উপদেশ দেন।

Published on: Jan, 31 2023 12:38